# Times Today BD

রিসালাত আলিফ | ক্যাম্পাস | 16 April, 2025

কৃষি গুচ্ছভূক্ত ৯টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রথম বর্ষের স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে।মঙ্গলবার (১৫ এপ্রিল) রাতে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) উপাচার্য ও কেন্দ্রীয় ভর্তি কমিটির সভাপতি অধ্যাপক ড. এ কে ফজলুল হক ভূঁইয়া বিষয়টি নিশ্চিত করেন।

উপাচার্য জানান, মেধা তালিকায় উত্তীর্ণ হয়েছেন ৩ হাজার ৮৬৩ জন ভর্তিচ্ছু।এবারের ভর্তি পরীক্ষায় সর্বোচ্চ নম্বর উঠেছে ৮৪.২৫।সর্বনিম্ন নম্বর উঠেছে ৪৪.৫।জিপিএ'র মার্কসসহ সর্বোচ্চ নম্বর উঠেছে ১২৯.৭৭।ভর্তি পরীক্ষার ফল পুনঃনিরীক্ষণের জন্য ১০০০ টাকা জমাদানের মাধ্যমে শিক্ষার্থীরা আবেদন করতে পারবে ১৬ এপ্রিল থেকে ১৭ এপ্রিল পর্যন্ত।

এসময় তিনি আরো বলেন, ৯৬ হাজার ৮৪১ জন এবার ভর্তি পরীক্ষার জন্য আবেদন করেছেন।এরমধ্যে ৯৪ হাজার ২০ জন ভর্তি পরীক্ষার ফি দিয়েছেন আর প্রবেশপত্র ডাউনলোড করেছেন ৯১ হাজার ৩৭ জন।তাছাড়া ৮০ হাজার ৮৯০ জন পরীক্ষায় অংশ নিয়েছেন।

প্রকাশিত ফলাফল দেখবেন যেভাবে:
প্রথমে □□□□□://□□□□.□□□.□□ ওয়েবসাইটে যেতে হবে।পরে সাইন ইন পৃষ্ঠায় নিজ পিন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে লগইন করতে হবে।এরপর লগইন করার পর, ড্যাশবোর্ডে 'ফলাফল' অপশনটি নির্বাচন করতে হবে এবং ফলাফল দেখা যাবে।এছাড়াও ফলাফল শিটটি ডাউনলোড বা প্রিন্ট করা যাবে।

এবারের ভর্তি পরীক্ষায় সারা দেশে মোট ৩ হাজার ৮৬৩টি আসনের বিপরীতে আবেদন করেন ৯৪ হাজার ২০ জন শিক্ষার্থী।বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়সহ ৯টি কেন্দ্র এবং ১৩টি উপকেন্দ্রে একযোগে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়।বিশ্ববিদ্যালয়ভিত্তিক আসনসংখ্যা হলো–বাকৃবিতে ১১১৬, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে ৪৩৫, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে ৭০৫।এ ছাড়াও চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ে ২৭৫, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ে ৫৮০, খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়ে ১৫০, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৪২৩, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ে ৯৯ এবং কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ে ৮০টি।

কৃষি গুচ্ছ পরীক্ষা কৃষি বিশ্ববিদ্যালয় বাকৃবি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:31

URL: https://www.timestodaybd.com/campus/869775807